

# 'রাজধানীতে সোয়া ৩ লাখ গাছ লাগানো হবে'

## অনলাইন ডেস্ক



রাজধানীকে সবুজায়ন করার লক্ষ্যে আগামী ২ বছরে ৩ লাখ ২৫ হাজার গাছের চারা লাগানো হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক।

বৃহস্পতিবার রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউটে আয়োজিত 'জনস্বাস্থ্যে বায়ুদূষণের

প্রভাব' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ পরিকল্পনার কথা জানান তিনি।

আনিসুল হক বলেন, একজন মা অনেক বেদনা সহ্য করে একটি সন্তান জন্ম দেন। কিন্তু শহরের বিষাক্ত বায়ু এই শিশুটির প্রাণ শক্তি নষ্ট করে দেয়। তাই এই শহরের প্রতিটি মানুষকে সুস্থ ভাবে বেড়ে উঠতে শিশুটির দায়িত্ব নিতে হবে। বাতাস শোধনের প্রধান প্রতিষেদক হিসেবে ঢাকা শহরকে পরিষ্কার রাখতে হবে।

মেয়র বলেন, সিটি করপোরেশনকে নির্মাণ ও মেডিকেল বর্জ্যসহ সব ধরনের আবর্জনা মুক্ত রাখতে হবে। সিটি করপোরেশনের সুন্দর পরিবেশ বজায় রাখতে উত্তর সিটি করপোরেশন এ লক্ষ্যে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে আগামী ২ বছরে উত্তর সিটি করপোরেশনে ৩ লাখ ২৫ হাজার গাছ লাগানো হবে। গ্রিন ঢাকা গড়তে প্রতিটি বাড়ির ছাদেও বনায়নের উদ্যোগ নেওয়া হয়েছে।

বিডি-প্রতিদিন/ ৩১ মার্চ ১৬/ সালাহ উদ্দীন